



প্রস্তুত প্রণালী:

১।



প্রথমে F-৭৫/১০০ প্রস্তুতের স্থান বা টেবিল ভালভাবে পরিষ্কার করে নিতে হবে ও সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে এবং ব্যবহৃত মেজারিং কাপ/জগ/পাত্র ও নাড়ানী সাবান ও গরম পানি দিয়ে জিবানু মুক্ত করে নিতে হবে।

২।




একটি পরিষ্কার পাত্রে নিরাপদ পানি ফুটাতে হবে।

৩।



ফুটানো পানি ৭০°সে (৭০°C) তাপমাত্রায় আনতে হবে এক্ষেত্রে একটি জিবানু মুক্ত ডিজিটাল থার্মোমিটার ব্যবহার করে মাপতে হবে। ডিজিটাল থার্মোমিটার না থাকলে ৩-৫ মিনিট অপেক্ষা করে উক্ত তাপমাত্রার পানি থেকে Feeding চার্ট অনুসারে প্রয়োজনমত পানি মেজারিং কাপে ঢেলে নিতে হবে।

৪।



এবার কাপের মধ্যে টিনের মধ্যে রক্ষিত স্কুপ দিয়ে প্রয়োজনীয় পরিমাণ পাউডার মিশাতে হবে এবং স্কুপটি ওয়াশ বা না মুছে সরাসরি টিনের মধ্যে রেখে দিতে হবে।





৫।



এবার পরিস্কার নাড়ানী দিয়ে নেড়ে ভালভাবে পাউডার মিশাতে হবে হবে।

৬।



প্রস্তুতকৃত মিশ্রণের তাপমাত্রা শিশুর জন্য খাওয়ার উপযুক্ত তাপমাত্রায় ($\leq 37^{\circ}\text{C}$) আসার পরে শিশুকে Feeding Schedule অনুসারে খাওয়াতে হবে। এক্ষেত্রে হাতের কবজির ভিতরের দিকে সামান্য একটু ঢেলে চেক করে নিতে হবে।

৭।



কাপের গায়ে রোগীর নাম, F-৭৫/১০০, প্রস্তুতের তারিখ ও সময়, প্রতি ফিড এর পরিমাণ এবং প্রস্তুতকারীর স্বাক্ষর দিতে হবে।

৮।



প্রস্তুতকৃত মিশ্রণ স্বাভাবিক তাপমাত্রায় ২ ঘন্টা পরে শিশুকে খাওয়ানো যাবে না। ২ ঘন্টা পরে বেচে থাকা মিশ্রণ ঢেলে ফেলে দিতে হবে।

৯।



মিশ্রণ রেফ্রিজারেটরে ($\leq 5^{\circ}\text{C}$) তাপমাত্রায় সর্বোচ্চ ২৪ ঘন্টা সংরক্ষণ করা যাবে। ২৪ ঘন্টা পরে শিশুকে খাওয়ানো যাবে না; মিশ্রণ ফেলে দিতে হবে। রেফ্রিজারেটর থেকে বের করে খাওয়ানোর পূর্বে ফিডিং কাপে মিশ্রণ নিয়ে কাপটি গরম পানির বোলের মধ্যে কিছুক্ষণ বসিয়ে শিশুর জন্য খাওয়ার উপযুক্ত তাপমাত্রায় ($\leq 37^{\circ}\text{C}$) আসার পরে শিশুকে Feeding Schedule অনুসারে খাওয়াতে হবে। খাওয়ানোর পূর্বে মিশ্রণটি ভালভাবে নাড়তে হবে।

